

# ঘূঢ়াত্ত্ব

## ঢাবির টিএসসিতে পুলিশ-শিক্ষার্থী হাতাহাতি

প্রকাশ : ১৩ এপ্রিল ২০১৯, ০১:৩২ | অনলাইন সংক্রণ

👤 ঢাবি প্রতিনিধি



টিএসসি। ফাইল ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র শিক্ষক কেন্দ্র (টিএসসি) এলাকায় এক পুলিশ ও শিক্ষার্থীর বাকবিতণ্ডা হাতাহাতির ঘটনা ঘটেছে। পেছন থেকে শিক্ষার্থীর গায়ে পুলিশের মোটরসাইকেল ধাক্কা দেওয়াকে কেন্দ্র করে ঘটনার সূত্রপাত।

শুক্রবার বেলা ১১টার দিকে বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি) এলাকায় এ ঘটনা ঘটে। এতে আহত পুলিশ সদস্য রাজারবাগ হাসপাতালে এবং ওই শিক্ষার্থী বিশ্ববিদ্যালয় চিকিৎসাকেন্দ্রে ভর্তি হন।

আহত শিক্ষার্থীর নাম এলিচ আল মাহমুদ আকাশ। তিনি বিশ্ববিদ্যালয়ের জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের আবাসিক শিক্ষার্থী (আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের চতুর্থ বর্ষ)। আর আহত পুলিশ সদস্য হলেন তেজগাঁও শিল্পাধ্যল এলাকার ট্রাফিক সার্জেন্ট সুমন আহমেদ।

ঘটনার সত্যতা নিশ্চিত করে নীলক্ষেত পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক (এসআই) সাহেব আলী যুগান্তরকে বলেন, হাতাহাতি ও মারামারির একটা ঘটনা ঘটে। সার্জেন্ট সুমনকে প্রথমে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। পরে রাজারবাগের কেন্দ্রীয় পুলিশ হাসপাতালে স্থানান্তর করা হয়।

এ বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রষ্ঠের অধ্যাপক এ কে এম গোলাম রাবুনী বলেন, আমরা উভয় পক্ষের কথা শুনেছি। যেই দোষী হোক, আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞপ্তি : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯। এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।